



বাংলাদেশ কাথলিক বিশপ সম্মিলনী THE CATHOLIC BISHOPS' CONFERENCE OF BANGLADESH (CBCB)

১৭ অক্টোবর ২০২৪

ড. মুহাম্মদ ইউনুস

মাননীয় প্রধান উপদেষ্টা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিষয়: খ্রিস্ট ধর্মাবলম্বীদের ইস্টার সান্ডে বা যীশু খ্রিস্টের পুণরুত্থানের মহাপর্ব উপলক্ষ্যে সরকারী ছুটির আবেদন

মহামান্য প্রধান উপদেষ্টা মহোদয়,

বাংলাদেশ কাথলিক বিশপ সম্মিলনীর পক্ষ থেকে শ্রদ্ধাপূর্ণ শুভেচ্ছা জ্ঞাপন করছি।

ছাত্র-জনতার বৈষম্য বিরোধী আন্দোলন ও এর বিজয় উত্তর বাংলাদেশের পরিবর্তিত পরিস্থিতিতে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহন করেছে যা আমাদের কাছে নতুন আশার সঞ্চার করেছে। সেইজন্য আপনাকে ও আপনার সরকারকে খ্রিস্টধর্মাবলম্বীদের পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। আমরা জানতে পেরেছি যে আপনার সরকার সরকারী ছুটির তালিকা সংস্কার করতে যাচ্ছেন, যা আমরা বিভিন্ন পত্রপত্রিকাতেও দেখতে পেয়েছি। সেখানে আমরা দেখতে পেয়েছি যে, আগামী বছরের পবিত্র ইদুল আজহা ও ইদুল ফিতর উপলক্ষে সরকারী ছুটি পাঁচদিন করার প্রস্তাব করা হয়েছে। এছাড়া সনাতন ধর্মপবলুবিদের দুর্গা পূজার ছুটি তিন দিনের প্রস্তাব করা হয়েছে। আমরা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি যে খ্রিস্টধর্মাবলম্বীদের ইস্টার সান্ডে বা যীশু খ্রিস্টের পুণরুত্থান পর্বের কথা সেখানে উল্লেখ নেই। পূর্ববর্তী সরকারগুলির কাছে অনেকবার আবেদন করেও এই বিষয়ে আমরা খ্রিস্টধর্মাবলম্বীরা বঞ্চিত হয়েছি। আপনার নতুন সরকার দায়িত্ব গ্রহনের পর আমরা স্বাভাবিকভাবেই আশা করব যে খ্রিস্টধর্মাবলম্বীদের প্রধানতম এই ধর্মীয় উৎসবটি সরকারী ছুটি হিসাবে গণ্য করা হবে।

আমরা খ্রিস্টধর্মাবলম্বীগণ গভীর আশা ও অধীর আগ্রহ নিয়ে আপনার দিকে তাকিয়ে আছি। আমরা আশা করি আপনি সদয় হয়ে আমাদের ইস্টার পর্ব বা যীশু খ্রিস্টের পুণরুত্থান পর্বটি সরকারী তালিকায় অন্তর্ভুক্ত করে আমাদের তথা বাংলাদেশী খ্রিস্টধর্মাবলম্বীদের সম্মানিত করবেন ও আমাদের সকলকে আপনার প্রতি কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করবেন।

ধন্যবাদান্তে,



বিশপ জর্জাস রোজারিও

সহ-সভাপতি, কাথলিক বিশপস্ কনফারেন্স অব বাংলাদেশ